গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/১মবর্ষ স্নাতক(পাস)/ভর্তি/২৪-২৫/২০২৫/২৭৮ তারিখ: ১৫/০৯/২০২৫ খ্রিষ্টাব্দ

# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে <u>প্রাথমিক আবেদন ফরমপূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি</u>

## অনলাইনে প্রাথমিক আবেদন ফরমপূরণ তারিখ: ১৬/০৯/২০২৫ থেকে ১৫/১০/২০২৫ পর্যন্ত

### <u>১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলি:</u>

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে সকল শাখায় ২০২০/২০২১/২০২২ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় এবং ২০২২/২০২৩/২০২৪ সালের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

গ) ২০২০/২০২১/২০২২ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২/২০২৩/২০২৪ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদনপত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদনপত্রে আবেদনকারীর নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, পিতা-মাতার নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ্য করতে হবে। উল্লেখ্য যে ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে অধিভূক্ত থাকতে হবে। এছাড়া আবেদপত্রের সঙ্গে প্রার্থীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ঘ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ ১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (*degpassnu@gmail.com*) আবেদনপত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ্য করতে হবে। এছাড়া আবেদপত্রের সঙ্গে প্রার্থীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরূপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ বা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ছ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

### <u>২। ভর্তির আবেদনের নিয়মাবলি:</u>

(ক) ভর্তিচ্ছুক প্রার্থীরা যে শাখা থেকে উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস করেছে তাদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগামী ১৬ সেপ্টেম্বর ২০২৫ বিকাল ৪টা থেকে ১৫ অক্টোবর ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত অনলাইনে আবেদন ফরমপূরণ করতে হবে।

(খ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type:jpg এবং maximum file size: 50Kb. আবেদনের ছবিটি সংরক্ষণ করতে হবে এবং কলেজের online admission system এ একই ছবি ব্যবহার করতে হবে। আবেদকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(গ) আবেদনকারীকে সঠিক ছবি ও তথ্যসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন ওয়েবসাইটে প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5″×11″) অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। নির্ধারিত কাগজের মাপ ব্যতীত অন্য মাপের ফরম গ্রহণ করা হবে না। **<u>ডাউনলোডকৃত আবেদন ফরম অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে। কলেজ কর্তৃক নিশ্চয়নের পর ফরমের ত্রুটি সংশোধন করা যাবে না। ত্রুটিপূর্ণ ও ভুল ছবিযুক্ত ফরম বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।</u>**

(ঘ) **<u>কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত সনদপত্রের মূল ও সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।</u>**

১৫/০৯/২৫

**৩। আবেদন ফি :**

(ক) **প্রাথমিক আবেদনের নির্ধারিত ফি ৪০০/- (চারশত) ও {মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনের) টাকা} সর্বমোট= ৪১৫/- (চারশত পনেরো) টাকা ডাচ বাংলা ব্যাংকের নেক্সাস পে গেট ওয়ের মাধ্যমে (মোবাইল ব্যাংকিং রকেটসহ) পরিশোধ করতে হবে।**

(খ) কলেজের ওয়েবসাইট www.dgc.edu.bd এ প্রবেশ করে Online Admission Option গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর দিতে হবে অতঃপর ইংরেজিতে বড় হাতের অক্ষরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে ফরমপূরণ করার সময় যে ছবি আপলোড করা হয়েছে সে ছবি ও মোবাইল নম্বর দিয়ে প্রবেশ করতে হবে। Payment Option এ গিয়ে রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দিয়ে ফি পরিশোধ করতে হবে। রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দেওয়ার পর উক্ত মোবাইল নাম্বারে (রকেট/নেক্সাস পে) OTP যাবে সে নাম্বারটি দিয়ে ফি পরিশোধ সম্পন্ন হবে।

**৪। ফলাফল ও মেধা তালিকা:**

(ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরি করে প্রার্থীদের পছন্দক্রমের উর্ধ্বক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্স বরাদ্দ দেয়া হবে।

(খ) শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট www.nu.ac.bd/admissions অথবা SMS (nu<space>atdg<space>roll no) টাইপ করে 16222 নম্বরে send করে ফলাফল জানতে পারবে।

(গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং রিলিজ স্লিপের (প্রয়োজনে একাধিক বার) মাধ্যমে প্রকাশ করা হবে। উল্লেখ্য যে, এ ভর্তি কার্যক্রমে তৃতীয় রিলিজ স্লিপে আবেদন করার কোনো সুযোগ থাকবে না। এরপর ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিগ্রী শাখা (কলা ভবন, নীচ তলা) এ যোগাযোগ করতে হবে।

(ঘ) যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না অথবা মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হবে না সে সকল প্রার্থী পাঁচটি কলেজে আলাদাভাবে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

**৫। আবেদন ফরম জমা: আবেদন ফরম ও ফি পরিশোধের ডাউনলোডকৃত স্লিপ নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে এবং কলেজে ভর্তির প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার প্রয়োজন নাই। তবে যারা ভর্তির জন্য মনোনীত হবে তাদের ভর্তির সময় প্রাথমিক আবেদন ফরম অবশ্যই জমা দিতে হবে।**

**৬। ক্লাস শুরু: ১৩ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ**

**বিঃ দ্রঃ বিস্তারিত জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/admissions Degree Pass Tab এ গিয়ে Apply (Degree Pass) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদকারীদের জাতীয় বিশ্ববিদ্যালয় স্মারক নং- ১০(২২৫)জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/২০১৮/অংশ-২/৩২৮২ তারিখঃ ১৯/০৯/২০২৫ এর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করতে বলা হলো।**

**প্রয়োজনে: জনাব মো. মোয়াজ্জেম হোসেন, সহকারী অধ্যাপক, অর্থনীতি (মোবাইল নম্বরঃ ০১৭১০০০৩৪৯৫) ও জনাব মো. আলতাফ হোসেন, প্রভাষক, হিসাববিজ্ঞান (মোবাইল নম্বরঃ ০১৭৩৮১৫৫৩৯৯)**

প্রতিস্বাক্ষর

১৫/১০/২৫

(প্রফেসর ড. মো. আব্দুর রাজ্জাক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

১৫/০৯/২৫

(মো. সানাউল্লাহ্)
আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি ২০২৪-২০২৫
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর